সমকাল

তারিখ ... 10 MAY 2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৩ ......

# জাবি শিক্ষকের গলা চেপে ধরল পুলিশ

■ সমকাল প্রতিবেদক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা ও গণমাধ্যম অধ্যয়ন বিভাগের সহকারী অধ্যাপক রাকিব আহমেদকে মারধর করেছে পুলিশ। তার গলা চেপে টানাহেঁচড়া করে পুলিশ বক্সে নিয়ে গালমন্দ করেন ট্রাফিক পুলিশের কয়েক সদস্য। শনিবার রাতে উত্তরা হাউস বিল্ডিং এলাকায় এ ঘটনা ঘটে।

রাকিব আহমেদ সমকালকে জানান, ট্রেনে সিলেট যাওয়ার জন্য তিনি তার বাবা-মাকে নিয়ে ব্যক্তিগত গাড়িতে উত্তরার বাসা থেকে বিমানবন্দর রেলস্টেশনে যাচ্ছিলেন। হাউস বিল্ডিং পৌঁছলে ট্রাফিক সার্জেন্ট ইমরান ওভারটেকিংয়ের অভিযোগ করে গাড়ির কাগজপত্র দেখতে চান তিনি। কাগজপত্র হাতে নেওয়ার পর ইমরান গাড়ি জব্দ করা হবে বলে জানান। এমন পরিস্থিতিতে রাকিব ওই কর্মকর্তাকে অনুরোধ করে জানান, তিনি মা-বাবাসহ সিলেট যাচ্ছেন। ১০টা ২০ মিনিটে ট্রেন ছাড়বে। আইন অমান্য হলে মামলা দিয়ে তাদের ছেড়ে দেওয়ার অনুরোধ করেন তিনি। এতে ক্ষিপ্ত হয়ে রাকিবকে গালমন্দ করেন পুলিশের ওই সদস্য। এরপর শিক্ষক পরিচয় দিলে অশ্রাব্য ভাষায় গালমন্দ করে রাকিবকে গলা চেপে টানাহেঁচড়া করে পুলিশ বক্সের ভেতরে নিয়ে যাওয়া হয়। এ সময় সেখানে উপস্থিত আরও কয়েক পুলিশ শিক্ষককে শারীরিকভাবে লাঞ্ছিত করে।

পুলিশের উত্তরা বিভাগের ডিসি ইকবাল হোসেন সমকালকে বলেন, অভিযুক্ত পুলিশ সদস্য বিশ্ববিদ্যালয় শিক্ষকের কাছে ক্ষমা চেয়েছেন। আইন অনুযায়ী তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।